Adda247 GET IT ON Google Play

This Booklet contains **20** printed pages.
এই প্রশ্নপত্রে **20** মুদ্রিত পৃষ্ঠা আছে।

# AF17—XVIII

**Question Booklet No.**
প্রশ্ন-পুস্তিকা সংখ্যা

## EXAMINATION—STPGT

### SUBJECT : BENGALI

Do not open this Question Booklet until you are asked to do so.
এই প্রশ্নপত্র যতক্ষণ খুলতে না বলা হবে ততক্ষণ পর্যন্ত খুলবেন না।

Read carefully all the instructions given at the back page and on the front page of this Question Booklet.
এই প্রশ্নপত্রের শেষ পৃষ্ঠা ও প্রথম পৃষ্ঠায় দেওয়া সমস্ত নির্দেশাবলী মনোযোগ সহকারে পড়ুন।

| ***Instructions for Candidates*** | ***পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী*** |
|---|---|
| **1.** Use **Black Ballpoint Pen only** for writing particulars of this Question Booklet and marking responses on the OMR Answer Sheet. | **1.** এই প্রশ্নপত্রে লেখার জন্য এবং OMR উত্তরপত্রে উত্তর চিহ্নিত করতে **শুধুমাত্র কালো কালির বলপয়েন্ট কলম** ব্যবহার করুন। |
| **2.** This test is of **2 hours** and **30 minutes** duration and consists of **150** MCQ-type questions. Each question carries 1 mark. | **2.** এই পরীক্ষার সময় **2 ঘণ্টা 30 মিনিট**। পরীক্ষায় মোট **150** টি MCQ ধরনের প্রশ্ন থাকবে। প্রতি প্রশ্নের মূল্যাঙ্ক 1 হবে। |
| **3.** There is no negative marking for any wrong answer. | **3.** ভুল উত্তরের জন্য কোনো ঋণাত্মক নম্বর থাকবে না। |
| **4.** Rough work should be done only in the space provided in the Question Booklet. | **4.** পরীক্ষার্থীকে রাফ ওয়ার্ক করতে হবে শুধুমাত্র কোশ্চেন বুকলেটে (প্রশ্নপত্রে) নির্দিষ্ট করা স্থানে। |
| **5.** The answers are to be marked on the OMR Answer Sheet only. Mark your responses carefully since there is no chance of alteration/correction. | **5.** প্রশ্নের উত্তর শুধুমাত্র OMR উত্তরপত্রে চিহ্নিত করতে হবে। উত্তর চিহ্নিত করার বিষয়ে পরীক্ষার্থীকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। প্রশ্নের উত্তর একবার চিহ্নিত করা হয়ে গেলে কোনো অবস্থাতেই তাকে পরিবর্তন বা সংশোধন করা যাবে না। |
| **6.** Use of eraser or whitener is strictly prohibited. | **6.** কালি-মোচনীয় ইরেজার বা সাদা তরল-জাতীয় বস্তুর ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ। |

Name of the Candidate (in Capitals) : ______________________________
পরীক্ষার্থীর নাম (বড় অক্ষরে)

Roll No. : ______________________
রোল নং

OMR Answer Sheet No. : ______________________
OMR উত্তরপত্রের নম্বর

| | |
|---|---|
| *Full Signature of the Candidate with date*<br>*পরীক্ষার্থীর সম্পূর্ণ স্বাক্ষর তারিখসহ* | *Signature of the Invigilator with date*<br>*নিরীক্ষকের স্বাক্ষর তারিখসহ* |

# Test Prime

**ALL EXAMS, ONE SUBSCRIPTION**

**70,000+** Mock Tests

Personalised Report Card

Unlimited Re-Attempt

**600+** Exam Covered

Previous Year Papers

**500%** Refund

IBPS

NABARD

INDIAN RAILWAYS

**ATTEMPT FREE MOCK NOW**

Adda247 GET IT ON Google Play

*নির্দেশিকা* : সঠিক উত্তর নির্বাচন করে নিচের প্রশ্নগুলির উত্তর দাও।

**1.** 'কালবৈশাখী'-র কবির একটি কাব্যগ্রন্থ হল

(A) 'বলাকা'

(B) 'হেমন্ত গোধূলি'

(C) 'বন্দীর বন্দনা'

(D) 'ছাড়পত্র'

**2.** "নীল-অঞ্জন-গিরি-নিভ কায়া..."
এখানে 'অঞ্জন' শব্দের অর্থ

(A) পাথর

(B) মেঘ

(C) কাজল

(D) আকাশ

**3.** "বাজে ঘন ঘন রণ-দুন্দুভি,"
এখানে 'রণ-দুন্দুভি' শব্দের অর্থ

(A) যুদ্ধে ব্যবহৃত এক ধরনের বাদ্যযন্ত্র

(B) যুদ্ধে ব্যবহৃত এক ধরনের অস্ত্র

(C) যুদ্ধে ব্যবহৃত এক ধরনের আভরণ

(D) যুদ্ধে ব্যবহৃত তৈজসপত্র

**4.** "চির যুবা তুই যে _____"
শূন্যস্থানে যে বাক্যাংশটি বসবে, সেটি হল

(A) চিরবীর

(B) চিরবিজয়ী

(C) চিরজীবী

(D) চির উন্নতশির

**5.** 'সবুজের অভিযান' কবিতাটি প্রথমে যে সাহিত্যপত্রে প্রকাশিত হয়েছিল, সেই পত্রিকার সম্পাদকের নাম

(A) প্রমথনাথ শর্মা

(B) প্রমথ চৌধুরী

(C) প্রমথনাথ ঘোষ

(D) প্রমথনাথ বসু

**6.** "ভুলগুলো সব আনরে বাছা বাছা"
কারা 'ভুলগুলো' কোথা থেকে আনবে?

(A) তরুণদের দল ভোলানাথের ঝোলাঝুলি থেকে

(B) তরুণদের দল প্রবীণদের ঝোলা থেকে

(C) প্রবীণদের দল ভোলানাথের ঝোলাঝুলি থেকে

(D) উপরের কোনটিই নয়

**7.** "পিতার আদেশে জননীরে যিনি কাটেন হানি কুঠার!"
কে পিতার আদেশে জননীকে কেটেছিল?

(A) ব্যাসদেব

(B) বিশ্বামিত্র

(C) কপিল

(D) উপরের কেউই নন

**8.** "যে হাতে পিয়ালে অমৃত, সে হাতে কূট বিষ দিতে হবে!"
'পিয়ালে' শব্দটির অর্থ

(A) পেয়ালায় নিলে

(B) পান করালে

(C) পান করলে

(D) পেয়ালায় দিলে

Adda247 GET IT ON Google Play

**9.** ‘নারী’ কবিতাটি গৃহীত হয়েছে

(A) ‘ফণীমনসা’ থেকে

(B) ‘বিষের বাঁশী’ থেকে

(C) ‘ঝিঙেফুল’ থেকে

(D) উপরের কোনটিই নয়

**10.** ‘‘আমার গানের পিন বেধে গেছে হঠাৎ ফাটলে বারে বারে ঘুরে ঘুরে একঘেয়ে এক কথা কয়’’ পংক্তি দুটি পর্বে বিভক্ত করলে মাত্রা সংখ্যা পাওয়া যাবে

(A) ৮ + ১০

(B) ১০ + ১০

(C) ১০ + ৮

(D) ৮ + ৮

**11.** ‘‘বিজ্ঞানের ______ নয়, আলো তুলে ধরো।’’ যে শব্দটি শূন্যস্থানে প্রয়োজন, সেটি হল

(A) কালো

(B) পাপ

(C) তাপ

(D) পুণ্য

**12.** অঙ্কুরিত বীজ বসন্তে কাদের দলে মিশে যাবে ?

(A) অঙ্কুরিত বন্ধুদের সাথে

(B) অরণ্যে সবার সাথে

(C) অরণ্যে বৃহতের দলে

(D) অরণ্যে ক্ষুদ্রদের দলে

**13.** ‘আগামী’ কবিতাটির উৎসগ্রন্থ হল

(A) ‘আগামী’

(B) ‘বনবাণী’

(C) ‘ঘুম নেই’

(D) উপরের কোনটিই নয়

**14.** অঙ্কুরিত বীজ কার সম্মতি পায় ?

(A) বৃষ্টির সম্ভাবনার

(B) বৃষ্টির, মাটির রসের

(C) মেঘলা আকাশে বৃষ্টির সম্ভাবনার

(D) বৃষ্টি-বাদল দিনের

**15.** লেখক কোন্ বলকে সর্বাংশে শ্রেষ্ঠ বলেছেন ?

(A) বাহুবল

(B) বাক্যবল

(C) বাহুবল ও বাক্যবল

(D) উপরের কোনটিই নয়

**16.** ‘শাক্যসিংহ’ কে ছিলেন ?

(A) ভগবান মহাবীর

(B) ভগবান বুদ্ধ

(C) ভগবান চৈতন্য

(D) ভগবান গুরু নানক

**17.** প্রাবন্ধিকের মতে ভারতবর্ষে আধুনিক দুর্গতির প্রধান কারণ

(A) বাহুবলের অভাব

(B) বাক্যবলের অভাব

(C) বাহুবল ও বাক্যবলের অভাব

(D) বুদ্ধি ও বাক্যবলের অভাব

**18.** ''অনুভূতি অনির্বচনীয় একের সন্ধানে বাহির হইয়াছে।''
কাদের অনুভূতি ?

(A) কবিদের

(B) বিজ্ঞানীদের

(C) বৈজ্ঞানিক ও কবিদের

(D) উপরের কারোরই নয়

**19.** ''বহুর মধ্যে যাহাতে হারাইয়া না যায়, _____ সেই দিকে সর্বদা লক্ষ্য রাখিয়াছে।''
শূন্যস্থানে বসবে

(A) কবি

(B) শিল্পী

(C) বিজ্ঞানী

(D) ভারতবর্ষ

**20.** ''চক্ষুর আবরণ অপসারিত হইয়া এক অচিন্তনীয় রাজ্যের দৃশ্য ... ।'' কাকে অভিভূত করে ?

(A) শিশুকে

(B) বিজ্ঞানীকে

(C) শিল্পীকে

(D) উপরের কারোকেই নয়

**21.** শাহ্জী সাপ-মারা বর্শা দিয়ে ইন্দ্রের কোথায় খোঁচা মেরে রক্ত ঝরিয়েছিল ?

(A) বাহুতে

(B) পিঠে

(C) পায়ে

(D) বুকে

**22.** ''ভূতকে নিয়ে ঘর করা যায় না।'' এই বাক্যটি রয়েছে

(A) 'যুগজিজ্ঞাসা'তে

(B) 'অন্নদাদিদি'তে

(C) 'অযান্ত্রিক'-এ

(D) উপরের কোনটিতেই নয়

**23.** '' _____ সেই পথ দিয়াই ফিরিয়া আসিলাম।''
শূন্যস্থানে বসবে

(A) বনের

(B) নদীতীরের

(C) শ্মশানের

(D) উপরের কোনটিই নয়

**24.** ইন্দ্রের নৌকো কখন এসে ঘাটে লাগলো ?

(A) প্রায় শেষরাত্রে

(B) প্রায় মাঝরাত্রে

(C) প্রায় সন্ধ্যা-রাত্রে

(D) প্রায় ভোরবেলায়

Adda247 GET IT ON Google Play

**25.** ''সুতরাং স্বাধিকার প্রতিষ্ঠার জন্যে যা করতে চাও, করো। কিন্তু সেই সঙ্গে ...।'' কাদের বেঁচে থাকা দরকার ?

(A) শিল্পীদের

(B) বিজ্ঞানীদের

(C) কবিদের

(D) প্রযুক্তিবিদ্‌দের

**26.** ''স্ট্যাম্পে _____ লাইন 'শ্রীশ্রী দুর্গা' খোদিত আছে,''

শূন্যস্থানে বসবে যে সংখ্যাটি, তা হল

(A) ১২

(B) ১০

(C) ১১

(D) ১০৮

**27.** 'শ্রীশ্রী সিদ্ধেশ্বরী লিমিটেড'-এর শ্যামবাবুর বয়স হল

(A) চল্লিশের কাছাকাছি

(B) পঞ্চাশের কাছাকাছি

(C) ষাটের কাছাকাছি

(D) উপরের কোনটিই নয়

**28.** ''কার্ত্তিক পূর্ণিমায় একটা মেলা বসবে ...।''

সেখানে আছে

(A) হনুমানজির বিগ্রহ

(B) রাধাকৃষ্ণের বিগ্রহ

(C) নরসিংহদেবের বিগ্রহ

(D) শ্যামসুন্দরের বিগ্রহ

**29.** মধুসূদনের 'বঙ্গভাষা' কবিতাটি হল

(A) সনেট

(B) গাথা-কবিতা

(C) স্তোত্র-কবিতা

(D) শোক-কবিতা

**30.** ''অজস্র সহস্রবিধ চরিতার্থতায়''

এখানে 'সহস্র'-এর কথ্যরূপটি হল

(A) এক হাজার

(B) দশ হাজার

(C) একশত হাজার

(D) দশশত হাজার

**31.** ''মালতীর মধুকর পিয়ে মকরন্দ॥''

এখানে 'মকরন্দ' শব্দের অর্থ

(A) ফুলের মধু

(B) ফুলের রস

(C) ফুলের রেণু

(D) ফুলের পাপড়ি

**32.** ''মজিনু বিফলতপে অবরেণ্যে _____,''

শূন্যস্থানে বসবে

(A) বরি

(B) ধরি

(C) লভি

(D) রচি

**33.** ‘‘উপরে বসিয়া কাক ডাকে নিরিবিলি’’
এখানে ‘নিরিবিলি’-র বিপরীতার্থক নয় যে শব্দটি, সেটি হল

(A) কোলাহল

(B) নির্জন

(C) সরব

(D) সোচ্চার

**34.** ‘‘এ যুগ যে _____ যুগ একথা সকলেই জানে।’’
শূন্যস্থানে বসবে

(A) প্রযুক্তির

(B) চিকিৎসাশাস্ত্রের

(C) বিজ্ঞানের

(D) যুক্তিবাদের

**35.** ‘‘তপ্তবায়ু বয়ে যায় দূর বনান্তরে’’
এখানে ‘বনান্তর’-এর ব্যাসবাক্য হবে

(A) বনের অন্তর

(B) অন্য বন

(C) বন ও অন্তর

(D) উপরের কোনটিই নয়

**36.** ‘‘ভাবি আমার মুখ দেখাব’’
পংক্তিটি রয়েছে

(A) ‘মধ্যাহ্ন’ কবিতায়

(B) ‘প্রার্থনা’ কবিতায়

(C) ‘মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে’ কবিতায়

(D) ‘আবার আসিব ফিরে’ কবিতায়

**37.** ‘‘অবশেষে দুটি-একটি সুবুদ্ধি লোক আসিয়া আমাদের দলে ভিড়িলেন,’’—এই বাক্যাংশটি রয়েছে

(A) ‘স্বাদেশিকতা’ রচনায়

(B) ‘সিংহল ও বৌদ্ধধর্ম’ রচনায়

(C) ‘বসন্তের কোকিল’ রচনায়

(D) ‘ভারতবর্ষ’ রচনায়

**38.** ‘‘... বেরঙের দো-আঁশলা ফিরিঙ্গি।’’
‘ফিরিঙ্গি’ হল

(A) ফরাসি জাতি

(B) পর্তুগিজ জাতি

(C) ফরাসি, পর্তুগিজ মিশ্রিত ইওরোপীয় জাতি

(D) উপরের কোনটিই নয়

**39.** ‘‘আমি পরাজিত—এ মুকুট আমার নয়।’’ এই উক্তিটি করেছে

(A) ইন্দ্রকুমার

(B) যুবরাজ

(C) রাজধর

(D) ইশা খাঁ

**40.** সাবিত্রী চরিত্রটি রয়েছে

(A) ‘ডাইনি’ গল্পে

(B) ‘মুকুট’ নাটিকায়

(C) ‘স্বাদেশিকতা’ প্রবন্ধে

(D) উপরের কোনটিতেই নয়

Adda247 GET IT ON Google Play

**41.** হরপ্রসাদ শাস্ত্রী 'চর্যাপদ'-এর পুঁথি সম্পাদনা করে কত সালে বঙ্গীয় সাহিত্য পরিষদ্ থেকে প্রকাশ করেন ?

(A) ১৯০৯ খ্রিস্টাব্দে

(B) ১৯১৪ খ্রিস্টাব্দে

(C) ১৯০৭ খ্রিস্টাব্দে

(D) ১৯১৬ খ্রিস্টাব্দে

**42.** ডক্টর সুনীতিকুমার চট্টোপাধ্যায় যে গ্রন্থে 'চর্যাপদ'-এর রচনাকাল ও ভাষাবৈশিষ্ট্য বিষয়ে আলোকপাত করেন, সেটি হল

(A) *The Origin and Development of the Bengali Language*

(B) *Origin and Development of Bengali Language*

(C) *The Origin and Development for Bengali Language*

(D) *Origin and Development for the Bengali Language*

**43.** 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের দ্বাদশ খণ্ডের নাম

(A) রাধাবিরহ

(B) বংশীখণ্ড

(C) দানখণ্ড

(D) নৌকাখণ্ড

**44.** কবি কৃত্তিবাস বাল্মীকি-রামায়ণের অনেক প্রসঙ্গ পরিত্যাগ করেছেন, তাদের মধ্যে একটি হল

(A) বশিষ্ঠ-বিশ্বামিত্র বিরোধ

(B) দশরথের পুত্রদের জাতকর্ম

(C) বাঙালির খাদ্যদ্রব্য

(D) উপরের কোনটিই নয়

**45.** মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়'-এর রচনাকাল

(A) ১৪৭০–১৪৭৯ খ্রিস্টাব্দ

(B) ১৪৭৪–১৪৮১ খ্রিস্টাব্দ

(C) ১৪৭৩–১৪৮০ খ্রিস্টাব্দ

(D) ১৪৭৫–১৪৮২ খ্রিস্টাব্দ

**46.** 'মনসামঙ্গল'-এর কবি কেতকাদাস ক্ষেমানন্দ ছিলেন

(A) পূর্ববঙ্গের কবি

(B) ময়মনসিংহের কবি

(C) চট্টগ্রামের কবি

(D) পশ্চিমবঙ্গের কবি

**47.** নারায়ণ দেবের কাব্যের নাম

(A) 'কেতকাবিজয়'

(B) 'পদ্মার সর্পসজ্জা'

(C) 'পদ্মাপুরাণ'

(D) 'মনসাবিজয়'

**48.** 'বৈষ্ণতোষণী' গ্রন্থের লেখক হলেন

(A) সনাতন গোস্বামী

(B) শ্রীরূপ গোস্বামী

(C) শ্রীজীব গোস্বামী

(D) গোপাল ভট্ট

Adda247 GET IT ON Google Play

**49.** 'অচিন্ত্যভেদাভেদতত্ত্ব'-টি সুপ্রতিষ্ঠিত হয়ে আছে

(A) 'গীতগোবিন্দ'-এর সাথে

(B) 'গৌড়ীয় বৈষ্ণবদর্শন'-এর সাথে

(C) 'শ্রীমদ্ভগবদ্গীতা'-র সাথে

(D) 'শাক্তপদাবলী'-র সাথে

**50.** বর্ধমান জেলার কাটোয়ার কাছে ঝামাটপুর গ্রামে জন্মগ্রহণ করেন

(A) বৃন্দাবন দাস

(B) লোচন দাস

(C) কৃষ্ণদাস কবিরাজ

(D) জয়ানন্দ

**51.** 'শৈবসর্বস্বহার' গ্রন্থটি রচনা করেন

(A) বিদ্যাপতি

(B) রামপ্রসাদ সেন

(C) ঘনরাম চক্রবর্তী

(D) রূপরাম চক্রবর্তী

**52.** চণ্ডীদাসের ভাবশিষ্য বলা হয়

(A) বিদ্যাপতিকে

(B) গোবিন্দদাসকে

(C) জ্ঞানদাসকে

(D) বলরাম দাসকে

**53.** 'রাঢ়ের জাতীয় কাব্য' বলা হয়

(A) 'চণ্ডীমঙ্গলকাব্য'কে

(B) 'মনসামঙ্গলকাব্য'কে

(C) 'ধর্মমঙ্গলকাব্য'কে

(D) 'শিবায়ন কাব্য'কে

**54.** রামদাস আদক ছিলেন ?

(A) 'ধর্মমঙ্গল'-এর কবি

(B) 'শিবায়ন'-এর কবি

(C) 'বৈষ্ণব পদাবলী'-র কবি

(D) 'নাথ-সাহিত্য'-এর কবি

**55.** 'সয়ফুলমুলুক-বদিউজ্জমাল' কাব্যটি রচনা করেন

(A) দৌলত কাজী

(B) সৈয়দ আলাওল

(C) মুহম্মদ জায়সী

(D) দোনাগাজী

**56.** 'বিদ্যাসুন্দর-কালিকামঙ্গল' অংশটি লিখেছেন

(A) রামপ্রসাদ সেন

(B) কমলাকান্ত ভট্টাচার্য

(C) ভারতচন্দ্র

(D) উপরের কেউই নন

Adda247

Adda247 GET IT ON Google Play

**57.** 'কবিরঞ্জন' বলা হয় যে কবিকে, তিনি হলেন

(A) কালিদাস রায়

(B) কমলাকান্ত ভট্টাচার্য

(C) রূপরাম চক্রবর্তী

(D) রামপ্রসাদ সেন

**58.** 'গোপীচন্দ্র-ময়নামতী' কাহিনি যুক্ত আছে

(A) 'নাথ-সাহিত্য'-এর সাথে

(B) 'অন্নদামঙ্গল'-এর সাথে

(C) 'ধর্মমঙ্গল'-এর সাথে

(D) উপরের কোনটিই নয়

**59.** 'কথোপকথন' গ্রন্থটি লেখেন

(A) উইলিয়াম কেরী

(B) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার

(C) রাজীবলোচন মুখোপাধ্যায়

(D) রামরাম বসু

**60.** ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের কোন্ রচনাকে বলা হয় গদ্যে লেখা শোককাব্য ?

(A) 'রত্নপরীক্ষা'

(B) 'প্রভাবতী সম্ভাষণ'

(C) 'কথামালা'

(D) 'শকুন্তলা'

**61.** 'আলালের ঘরের দুলাল' গ্রন্থটি প্রকাশিত হয়েছে

(A) ১৮৫২ খ্রিস্টাব্দে

(B) ১৮৫৮ খ্রিস্টাব্দে

(C) ১৮৬২ খ্রিস্টাব্দে

(D) উপরের কোনটিই নয়

**62.** 'বিদ্যোৎসাহিনী রঙ্গমঞ্চ' প্রতিষ্ঠা করেন

(A) কালীপ্রসন্ন সিংহ

(B) কালীপ্রসন্ন ঘোষ

(C) কালীপ্রসন্ন চট্টোপাধ্যায়

(D) কালীপ্রসন্ন সেন

**63.** বাংলায় উপন্যাস রচনার আগে ইংরেজিতে উপন্যাস লেখেন

(A) ভূদেব মুখোপাধ্যায়

(B) অক্ষয়কুমার দত্ত

(C) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(D) দেবেন্দ্রনাথ ঠাকুর

**64.** 'ভারতপথিক রামমোহন রায়' গ্রন্থটি লেখেন

(A) রবীন্দ্রনাথ ঠাকুর

(B) রাজা রামমোহন রায়

(C) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(D) উপরের কেউই নন

Adda247 GET IT ON Google Play

**65.** বাংলা সংবাদপত্র 'বাঙ্গাল গেজেট'-এর সম্পাদক ছিলেন

(A) গঙ্গাকিশোর ভট্টাচার্য

(B) গঙ্গাকিশোর চক্রবর্তী

(C) অক্ষয়কুমার দত্ত

(D) মীর মোশারফ হোসেন

**66.** কোন্ কবি নিজেকে 'দুঃখবাদী বৈরাগী' বলেছেন ?

(A) কাজী নজরুল ইসলাম

(B) মোহিতলাল মজুমদার

(C) যতীন্দ্রনাথ সেনগুপ্ত

(D) সুকান্ত ভট্টাচার্য

**67.** 'আর্যগাথা' কাব্যটি রচনা করেন

(A) কেশবচন্দ্র সেন

(B) দয়ানন্দ সরস্বতী

(C) দ্বিজেন্দ্রলাল রায়

(D) অতুলপ্রসাদ সেন

**68.** মনের ভাবপ্রকাশক অর্থবহ ধ্বনিসমষ্টি হল

(A) অক্ষর

(B) ভাষা

(C) বর্ণ

(D) উপরের কোনটিই নয়

**69.** ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যের নিরিখে অন্ত্য-মধ্য বাংলার স্থিতিকাল হল

(A) ১৫০১–১৭৬০ খ্রিস্টাব্দ

(B) ১৩৫১–১৫০০ খ্রিস্টাব্দ

(C) ১৭৬০–১৮০০ খ্রিস্টাব্দ

(D) ১৬০০–১৮০০ খ্রিস্টাব্দ

**70.** 'আইন', 'আদালত' শব্দ দুটি এসেছে

(A) ফরাসি ভাষা থেকে

(B) ওলন্দাজ ভাষা থেকে

(C) আরবী ভাষা থেকে

(D) তুর্কি ভাষা থেকে

**71.** লেখ্যভাষার প্রাচীন রূপ হল

(A) সাধুভাষা

(B) চলিতভাষা

(C) উপভাষা

(D) অপভাষা

**72.** রাঢ়ী উপভাষা অঞ্চলের মধ্যে অবস্থান করে

(A) মেদিনীপুর ও বাঁকুড়া

(B) নোয়াখালি ও কুমিল্লা

(C) রাজশাহী ও পাবনা

(D) হুগলী ও নদীয়া

Adda247 GET IT ON Google Play

**73.** উপভাষার আঞ্চলিক বৈশিষ্ট্য আদর্শ ভাষাকে ছাড়িয়ে যায় না। কথাটি

(A) সঠিক

(B) ভুল

(C) আংশিক সত্য

(D) আংশিক ভুল

**74.** গভর্নমেন্ট > গম্‌মেন্ট—এই ধ্বনি পরিবর্তন হয়েছে

(A) আবেগময়তার কারণে

(B) শ্রোতার অনুকরণের ত্রুটির কারণে

(C) দ্রুত উচ্চারণঘটিত ত্রুটির কারণে

(D) উপরের কোনটিই নয়

**75.** অপিনিহিতির সঙ্গে সংশ্লিষ্ট দুটি ধ্বনি হল

(A) ই এবং উ

(B) অ এবং এ

(C) ঐ এবং ঔ

(D) ও এবং অ

**76.** দেশী > দিশি হয়েছে, এর ধ্বনিতাত্ত্বিক সূত্র হল

(A) প্রগত স্বরসঙ্গতি

(B) পরাগত স্বরসঙ্গতি

(C) অন্যোন্য স্বরসঙ্গতি

(D) উপরের কোনটিই নয়

**77.** জীবাণু > বীজাণু হয়েছে, এর ধ্বনিতাত্ত্বিক সূত্র হল

(A) অভিশ্রুতি

(B) বিষমীভবন

(C) বর্ণবিপর্যাস

(D) সমাক্ষরলোপ

**78.** জ্যোৎস্না > জোছনা—এখানে 'জোছনা' একটি

(A) তৎসম শব্দ

(B) তদ্ভব শব্দ

(C) অর্ধতৎসম শব্দ

(D) দেশী শব্দ

**79.** 'লুচি' এবং 'লিচু' শব্দ দুটির উৎস হল

(A) ফারসি

(B) ওলন্দাজ

(C) পর্তুগীজ

(D) চীনা

**80.** 'মন্দির' শব্দের প্রাচীন অর্থ ছিল গৃহ বা ঘর, এখন হয়েছে দেবতার ঘর। শব্দার্থ পরিবর্তনের দিক থেকে এটি

(A) অর্থের উৎকর্ষ

(B) অর্থের অপকর্ষ

(C) অর্থের রূপান্তর

(D) উপরের কোনটিই নয়

**81.** ক এবং গ ধ্বনি হল

(A) মহাপ্রাণ ধ্বনি

(B) পার্শ্বিক ধ্বনি

(C) অল্পপ্রাণ ধ্বনি

(D) উষ্মধ্বনি

**82.** ভগিনী > বঘিনী > বহিনী > বোন
উপরের নিম্নরেখ শব্দ দুটি হল যথাক্রমে

(A) তৎসম ও তদ্ভব

(B) তদ্ভব ও দেশী

(C) দেশী ও অর্ধতৎসম

(D) অর্ধতৎসম ও দেশী

**83.** ভাষাতাত্ত্বিকদের মতে বাংলা ভাষার মৌলিক স্বরধ্বনি

(A) ১২টি

(B) ১০টি

(C) ৯টি

(D) ৭টি

**84.** প্রতিটি বর্গের পঞ্চম বর্ণ হল

(A) অনুনাসিক ধ্বনি

(B) কম্পিত ধ্বনি

(C) অন্তঃস্থ ধ্বনি

(D) উষ্মধ্বনি

**85.** গ, ঘ, ঙ হল

(A) পার্শ্বিক ধ্বনি

(B) কম্পিত ধ্বনি

(C) উষ্মধ্বনি

(D) উপরের কোনটিই নয়

**86.** 'ইড্‌লি' ও 'দোসা' শব্দ দুটি

(A) গুজরাটি শব্দ

(B) পাঞ্জাবি শব্দ

(C) দ্রাবিড় শব্দ

(D) উপরের কোনটিই নয়

**87.** পুস্তক > পুঁথি—এই ধ্বনি পরিবর্তনের সূত্রকে বলে

(A) তালব্যীভবন

(B) স্বতোনাসিক্যীভবন

(C) বিনাসিক্যীভবন

(D) উষ্মীভবন

**88.** বর্ণের উচ্চার্য রূপ হল

(A) ভাষা

(B) বাক্য

(C) অক্ষর

(D) ধ্বনি

Adda247 GET IT ON Google Play

**89.** অপিনিহিতির প্রাধান্য রয়েছে

(A) রাঢ়ী উপভাষায়

(B) বরেন্দ্রী উপভাষায়

(C) ঝাড়খণ্ডী উপভাষায়

(D) বঙ্গালী উপভাষায়

**90.** স্পর্ধা > আস্পর্ধা—এই ধ্বনি পরিবর্তনের সূত্র হল

(A) মধ্য স্বরাগম

(B) আদি স্বরাগম

(C) অন্ত্য স্বরাগম

(D) উপরের কোনটিই নয়

**91.** 'Syllable'-কে ছন্দশাস্ত্রে বলে

(A) অক্ষর

(B) পদ

(C) পর্ব

(D) পর্বাঙ্গ

**92.** বাংলা 'আকাশ' শব্দটিতে ব্যঞ্জনান্ত অক্ষর রয়েছে

(A) ৩টি

(B) ২টি

(C) ১টি

(D) একটিও নয়

**93.** কোনো বাক্যে সমগ্র বা আংশিক অর্থ প্রকাশের জন্য যে উচ্চারণ বিরতির আবশ্যক হয়, তাকে বলে

(A) ছেদ

(B) ছন্দযতি

(C) হ্রস্বযতি

(D) দীর্ঘযতি

**94.** এক হ্রস্বযতি থেকে আরেক হ্রস্বযতি পর্যন্ত কবিতার যে মাপ পাওয়া যায়, তাকে বলে

(A) পর্ব

(B) পর্বাঙ্গ

(C) যুক্তপর্ব

(D) মুক্তপর্ব

**95.** 'লয়' হল

(A) একটি অক্ষর বা দল উচ্চারণের প্রয়োজনীয় সময়

(B) কবিতা পাঠের গতিভঙ্গি থেকে সৃষ্ট সুর

(C) মধ্যযতির দ্বারা বিচ্ছিন্ন বাক্যাংশ

(D) উপরের কোনটিই নয়

**96.** ছন্দশাস্ত্রে 'মাত্রা'-র সমার্থক শব্দ হল

(A) লয়

(B) অক্ষর

(C) কলা

(D) দল

Adda247 GET IT ON Google Play

**97.** ছন্দশাস্ত্রে প্রস্বর (stress accent)-এর সমার্থক শব্দ হল

(A) হ্রস্বস্বর

(B) দীর্ঘস্বর

(C) শ্বাসাঘাত

(D) উপরের কোনটিই নয়

**98.** মধ্যম লয় হয় সাধারণত

(A) ৮ + ৬ মাত্রার পর্বযুক্ত ছন্দে

(B) ৮ + ১০ মাত্রার পর্বযুক্ত ছন্দে

(C) ৬ + ৬ মাত্রার পর্বযুক্ত ছন্দে

(D) ৮ + ৮ মাত্রার পর্বযুক্ত ছন্দে

**99.** অক্ষরবৃত্ত ছন্দের অপর নাম

(A) মিশ্র কলাবৃত্ত ছন্দ

(B) সরল কলাবৃত্ত ছন্দ

(C) ছড়ার ছন্দ

(D) উপরের কোনটিই নয়

**100.** 'সনেট' সাধারণত রচিত হয়

(A) অক্ষরবৃত্ত ছন্দে

(B) মাত্রাবৃত্ত ছন্দে

(C) দলবৃত্ত ছন্দে

(D) উপরের কোনটিই নয়

**101.** "সঙ্কটময় পঙ্কিল পথ শঙ্কিল চারিধার"
এই পংক্তিতে রয়েছে

(A) ছেকানুপ্রাস অলঙ্কার

(B) শ্রুত্যনুপ্রাস অলঙ্কার

(C) বৃত্ত্যনুপ্রাস অলঙ্কার

(D) অন্ত্যানুপ্রাস অলঙ্কার

**102.** "ভারত ভারতখ্যাত আপনার গুণে"
এখানে যে অলঙ্কারটি রয়েছে, সেটি হল

(A) যমক

(B) বক্রোক্তি

(C) অন্ত্যানুপ্রাস

(D) শ্লেষ

**103.** দুই বা তার বেশি ব্যঞ্জনবর্ণ স্বরধ্বনিসমেত নির্দিষ্টক্রমে সার্থক বা নিরর্থকভাবে ব্যবহৃত হলে, হয়

(A) শ্রুত্যনুপ্রাস

(B) যমক

(C) শ্লেষ

(D) বক্রোক্তি

**104.** "কে ছেঁড়ে পদ্মের পর্ণ?"
এখানে কোন্ অলঙ্কার রয়েছে?

(A) যমক

(B) অপহ্নুতি

(C) নিশ্চয়

(D) উপরের কোনটিই নয়

Adda247 GET IT ON Google Play

105. "হৃদি-শয্যাতল/শুভ্র-দুগ্ধ-ফেননিভ।"
এটি একটি

(A) পূর্ণোপমার উদাহরণ

(B) লুপ্তোপমার উদাহরণ

(C) স্মরণোপমার উদাহরণ

(D) উপরের কোনটিই নয়

106. "গন্ধটুকু সন্ধ্যাবায়ে রেখার মতো।"
এই উপমায় অভাব রয়েছে

(A) সাধারণ ধর্মের

(B) উপমেয়র

(C) উপমানের

(D) তুলনাবাচক শব্দের

107. উপমেয়র সাথে উপমানের অভেদ সম্পর্ক স্থাপিত হলে হয়

(A) রূপক অলঙ্কার

(B) অপহ্নুতি অলঙ্কার

(C) নিশ্চয় অলঙ্কার

(D) বক্রোক্তি অলঙ্কার

108. "আসল কথাটা চাপা দিতে ভাই কাব্যের জাল বুনি।"
নিম্নরেখ অংশটিতে 'জাল' হল

(A) উপমেয়

(B) উপমান

(C) সাধারণ ধর্ম

(D) তুলনাবাচক শব্দ

109. "জ্যোৎস্নাতরী বেয়ে তুমি/ধরার ঘাটে কে আজ এলে।"
এই সাঙ্গরূপকে অঙ্গাঙ্গি সম্পর্ক রয়েছে

(A) তরী-ঘাটে

(B) তরী-ধরা

(C) জ্যোৎস্না-ঘাটে

(D) উপরের কোনটিই নয়

110. উপমানে কোনো অসম্ভব ধর্মের কল্পনা করে যদি সেই অসম্ভব ধর্মযুক্ত উপমানটিকে উপমেয়র সাথে অভেদারোপ করা হয়, তবে হবে

(A) পরম্পরিত রূপক

(B) সাঙ্গ রূপক

(C) নিরঙ্গ রূপক

(D) অধিকারূঢ়বৈশিষ্ট্য রূপক

111. সন্দেহ অলঙ্কারে সন্দেহ বা সংশয় দেখা যায়

(A) উপমেয়তে

(B) উপমানে

(C) উপমেয় এবং উপমানে

(D) উপরের কোনটিই নয়

112. যে উৎপ্রেক্ষা অলঙ্কারে সম্ভাবনাবাচক শব্দ উল্লেখ থাকে না, তাকে বলে

(A) প্রতীয়মান উৎপ্রেক্ষা

(B) বাচ্যোৎপ্রেক্ষা

(C) অসম্ভাব্য উৎপ্রেক্ষা

(D) উপরের কোনটিই নয়

**113.** উপমানকে নিষিদ্ধ করে উপমেয়কে প্রতিষ্ঠা করলে হয়

(A) সন্দেহ অলঙ্কার

(B) নিশ্চয় অলঙ্কার

(C) উৎপ্রেক্ষা অলঙ্কার

(D) ভ্রান্তিমান

**114.** ''কাব্যরসের আধার কাব্যও নয় কবিও নয়, _____ ।''
শূন্যস্থানে বসবে

(A) কবির কল্পনা

(B) সহৃদয় পাঠকের দৃষ্টিভঙ্গি

(C) সহৃদয় পাঠকের মন

(D) সহৃদয় পাঠকের সিদ্ধান্ত

**115.** 'ধ্বন্যালোক' গ্রন্থের 'বৃত্তি' অংশের লেখক হলেন

(A) অভিনব গুপ্ত

(B) আনন্দবর্ধন

(C) মাধবাচার্য্য

(D) উপরের কেউই নন

**116.** ''কাব্যং গ্রাহ্যমলংকারাৎ'' মন্তব্যটি করেছিলেন

(A) বামনাচার্য্য

(B) আনন্দবর্ধন

(C) অভিনব গুপ্ত

(D) বিশ্বনাথ কবিরাজ

**117.** '' 'রীতি' হল পদরচনার বিশিষ্ট _____ ।''
শূন্যস্থানে বসবে

(A) ভঙ্গি

(B) নিয়ম

(C) অনুশাসন

(D) ভাষা

**118.** ''যা শ্রেষ্ঠ কাব্য তার প্রকৃতিই হচ্ছে _____ ।''
শূন্যস্থানে বসবে

(A) ধ্বনিকে ছাড়িয়ে যাওয়া

(B) বাচ্যকে ছাড়িয়ে যাওয়া

(C) অলঙ্কারকে ছাড়িয়ে যাওয়া

(D) উপরের কোনটিই নয়

**119.** ''বাক্যং রসাত্মকং কাব্যম্'' এই উদ্ধৃতির উৎস

(A) 'সাহিত্যদর্পণ'

(B) 'ধ্বন্যালোক'

(C) 'অভিনবভারতী'

(D) 'ভারতকোষ'

**120.** লৌকিক জগতে যা রতি প্রভৃতি ভাবের উদ্বোধক, কাব্যে বা নাটকে তাকে বলে

(A) বিভাব

(B) অনুভাব

(C) সঞ্চারীভাব

(D) উপরের কোনটিই নয়

Adda247
GET IT ON Google Play

**121.** আলঙ্কারিকেরা 'বিস্ময়' ভাবের রসপরিণতির নাম দিয়েছেন

(A) শান্ত

(B) হাস্য

(C) বীর

(D) অদ্ভুত

**122.** আলঙ্কারিকদের মতে কাব্যনির্মাণ কৌশলের ভাগ রয়েছে

(A) ১টি

(B) ২টি

(C) ৩টি

(D) ৪টি

**123.** বিশেষ ভৌগোলিক পরিমণ্ডলে লৌকিক-অলৌকিক বিশ্বাস, পরিবেশ ও চরিত্রের নিবিড় সাযুজ্যে গড়ে ওঠে

(A) সামাজিক উপন্যাস

(B) রাজনৈতিক উপন্যাস

(C) আঞ্চলিক উপন্যাস

(D) মনস্তাত্ত্বিক উপন্যাস

**124.** প্রফুল্ল রায়ের 'পূর্বপার্বতী' উপন্যাসটি

(A) চেতনাপ্রবাহরীতির উপন্যাস

(B) আঞ্চলিক উপন্যাস

(C) মনস্তাত্ত্বিক উপন্যাস

(D) উপরের কোনটিই নয়

**125.** যে নাটক কাব্যরূপ ও রীতিতে রচিত এবং যাতে নাটকের দ্বন্দ্ব ও সংঘাত ও নাট্যরস কাব্যধর্মীতায় আচ্ছন্ন থাকে, তাকে বলা হয়

(A) নাট্যকাব্য

(B) কাব্যনাট্য

(C) নৃত্যনাট্য

(D) উপরের কোনটিই নয়

**126.** দ্বিজেন্দ্রলাল রায়ের 'সাজাহান' একটি

(A) ঐতিহাসিক নাটক

(B) পৌরাণিক নাটক

(C) একাঙ্ক নাটক

(D) উপরের কোনটিই নয়

**127.** নাট্যধর্মের উপর কাব্যধর্মের প্রভুত্ব খাটে না

(A) নাট্যকাব্যে

(B) কাব্যনাট্যে

(C) গীতিনাট্যে

(D) উপরের কোনটিই নয়

**128.** রবীন্দ্রনাথ ঠাকুরের 'বিদায় অভিশাপ' হল

(A) নাট্যকাব্য

(B) কাব্যনাট্য

(C) সামাজিক নাটক

(D) রাজনৈতিক নাটক

**129.** গীতিকবিতার অপর নাম হল

(A) তন্ময় কবিতা

(B) বস্তুনিষ্ঠ কবিতা

(C) মন্ময় কবিতা

(D) উপরের কোনটিই নয়

**130.** পংক্তিবিন্যাসে 'অষ্টক' ও 'ষটক' থাকে

(A) গীতিকবিতায়

(B) চতুর্দশপদী কবিতায়

(C) শোক-কবিতায়

(D) গাথা-কবিতায়

**131.** আশীর্বচন, নমস্ক্রিয়া বা বস্তুনির্দেশ দিয়ে শুরু করা হয়

(A) আখ্যানকাব্য

(B) মহাকাব্য

(C) সনেট

(D) গীতিকবিতা

**132.** অ্যারিস্টটল তাঁর 'কাব্যনির্মাণকলা' গ্রন্থে 'ট্র্যাজেডি'র কয়টি প্রত্যঙ্গের কথা বলেছিলেন ?

(A) ৬টি

(B) ৪টি

(C) ৩টি

(D) ৭টি

**133.** ঐতিহাসিক নাটকের একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হল

(A) ঐতিহাসিক ব্যক্তিত্বকে স্থান দেওয়া

(B) সামাজিক মানুষকে স্থান দেওয়া

(C) ধর্মীয় বিষয়কে প্রাধান্য দেওয়া

(D) উপরের কোনটিই নয়

**134.** ভক্তিরসের প্রাধান্য থাকবে

(A) সামাজিক নাটকে

(B) পৌরাণিক নাটকে

(C) কমেডি নাটকে

(D) ঐতিহাসিক নাটকে

**135.** আলো-আঁধারি পরিবেশ এবং মঞ্চসজ্জায় প্রতীকীভাব থাকবে

(A) রূপক-সাংকেতিক নাটকে

(B) রাজনৈতিক নাটকে

(C) সামাজিক নাটকে

(D) কমেডি নাটকে

**136.** একাঙ্ক নাটকের সাথে মিল বা সাদৃশ্য আছে

(A) উপন্যাসের

(B) মহাকাব্যের

(C) গীতিকাব্যের

(D) ছোটগল্পের

**137.** 'ট্র্যাজেডি' শব্দের উৎপত্তি গ্রীক 'Tragoidia' থেকে, যার মূল অর্থ ছিল

(A) ছাগলের গান

(B) বিড়ালের গান

(C) শেয়ালের গান

(D) গাধার গান

**138.** দৈবশক্তির নিষ্ঠুর লীলায় মানবাত্মার ক্রন্দন ধ্বনিত হয় মূলত

(A) গ্রীক ট্র্যাজেডিতে

(B) শেক্সপীয়রীয় ট্র্যাজেডিতে

(C) ভারতীয় ট্র্যাজেডিতে

(D) সংস্কৃত নাটকের ট্র্যাজেডিতে

**139.** মধ্যযুগে ইওরোপে পদ্য বা গদ্য আখ্যানে প্রেম-শৌর্য-বীর্যের এক ধরনের মনমাতানো কাহিনি লেখা হতো, যাদের বলা হয়

(A) প্রহসন

(B) রোমান্স

(C) নভেল

(D) কমেডি

**140.** লেখকের স্মৃতিবাহিত ঘটনাবলী রূপায়িত হয়

(A) সামাজিক উপন্যাসে

(B) আঞ্চলিক উপন্যাসে

(C) রাজনৈতিক উপন্যাসে

(D) আত্মজৈবনিক উপন্যাসে

Adda247 GET IT ON Google Play

**141.** মহাকাব্যের সঙ্গে ঐতিহাসিক উপন্যাসের হৃদ্যতার অন্যতম কারণ

(A) সহজ-সরল ভাষার প্রয়োগ

(B) গম্ভীর-ধ্রুপদী ভাষার প্রয়োগ

(C) একাধিক সর্গ রচনা

(D) গীতল চরিত্রের অস্তিত্ব

**142.** ঐতিহাসিক উপন্যাসের লেখক প্রয়োজনবোধে কাল্পনিক চরিত্র ও ঘটনা সংস্থাপন করতে পারেন কি ?

(A) হ্যাঁ, পারেন

(B) না, পারেন না

(C) পারা উচিত নয়

(D) উপরের কোনটিই নয়

**143.** একটি কাব্যোপন্যাসের উদাহরণ হল

(A) 'শেষের কবিতা'

(B) 'পল্লীসমাজ'

(C) 'দূরভাষিণী'

(D) 'আরণ্যক'

**144.** একটি আত্মজীবনীমূলক উপন্যাস হল

(A) 'জননী'

(B) 'পূর্ব-পশ্চিম'

(C) 'শ্রীকান্ত'

(D) উপরের কোনটিই নয়

**145.** একটি দেশ বা জাতির প্রাণময় উত্তেজনা এবং সর্বজনীন ভাবাবেগ প্রাধান্য পায়

(A) রাজনৈতিক উপন্যাসে

(B) মনস্তাত্ত্বিক উপন্যাসে

(C) রোমান্সে

(D) আঞ্চলিক উপন্যাসে

**146.** রবীন্দ্রনাথের 'চোখের বালি' একটি

(A) আঞ্চলিক উপন্যাস

(B) ঐতিহাসিক উপন্যাস

(C) মনস্তাত্ত্বিক উপন্যাস

(D) উপরের কোনটিই নয়

**147.** একটি প্রকৃষ্ট সামাজিক উপন্যাসের উদাহরণ হল

(A) 'গণদেবতা'

(B) 'দুর্গেশনন্দিনী'

(C) 'আত্মহত্যার অধিকার'

(D) 'সম্পত্তি সমর্পণ'

**148.** ছোটগল্প বিষয়ে লেখা রবীন্দ্রনাথের 'ছোটো প্রাণ ছোটো ব্যথা ...' শীর্ষ-পংক্তির কবিতাটির নাম

(A) 'বর্ষা-যাপন'

(B) 'যেতে নাহি দিব'

(C) 'বর্ষশেষ'

(D) উপরের কোনটিই নয়

**149.** ছোটগল্পে অতিকথনের অবকাশ আছে। এই কথাটি

(A) সত্য

(B) মিথ্যা

(C) অর্ধসত্য

(D) অর্ধমিথ্যা

**150.** একটি আদর্শ ছোটগল্প হল

(A) 'পোষ্টমাস্টার'

(B) 'রজনী'

(C) 'পণ্ডিতমশাই'

(D) 'তালনবমী'

Adda247 GET IT ON Google Play

**READ THE FOLLOWING INSTRUCTIONS CAREFULLY :**

**নিম্নলিখিত নির্দেশাবলী ভালো করে পড়ুন :**

1. Out of the four alternatives for each question, only one circle for the correct answer is to be darkened completely with Black Ballpoint Pen on the OMR Answer Sheet. The answer once marked is not liable to be changed.
   প্রতিটি প্রশ্নের উত্তর হিসাবে যে চারটি বিকল্প দেওয়া আছে তা থেকে শুধুমাত্র শুদ্ধ উত্তরটির প্রেক্ষিতে OMR উত্তরপত্রে দেওয়া বৃত্তটি কালো বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে কালো করে চিহ্নিত করতে হবে। একবার উত্তর চিহ্নিত করা হয়ে গেলে তাকে আর পরিবর্তন করা যাবে না।
2. The candidates should ensure that the Answer Sheet is not folded. Do not make any stray marks on the Answer Sheet. Do not write your Roll No. anywhere else except at the specified space on the OMR Answer Sheet.
   পরীক্ষার্থীরা কোনোভাবেই OMR উত্তরপত্রটি ভাঁজ করবেন না। OMR উত্তরপত্রে কোনোরকম দাগ কাটা বা মন্তব্য লেখা যাবে না। পরীক্ষার্থীরা তাঁদের রোল নাম্বার উত্তরপত্রে নির্দিষ্ট করা জায়গা ছাড়া অন্য কোনো জায়গায় লিখবেন না।
3. Handle the Question Booklet and Answer Sheet with utmost care, as under no circumstances (except technical defect), another set of Question Booklet and OMR Answer Sheet will be provided.
   OMR উত্তরপত্র এবং প্রশ্নপত্রের ব্যবহারে সার্বিক সতর্কতা অবলম্বন করতে হবে। কোনো অবস্থাতেই (মুদ্রণ ত্রুটি ও পদ্ধতিগত ত্রুটি ছাড়া) OMR উত্তরপত্র ও প্রশ্নপত্র পাল্টে দেওয়া যাবে না।
4. The candidates will write the correct Question Booklet Number and OMR Answer Sheet Number in the Attendance Sheet.
   পরীক্ষার্থীকে অ্যাটেন্ডেন্স শীট-এ তাঁর OMR উত্তরপত্রের নাম্বার এবং প্রশ্নপত্রের নাম্বার নির্ভুলভাবে লিখতে হবে।
5. Candidates are not allowed to carry any textual material, printed or written, bits of papers, pager, mobile phone, electronic devices or any other material except the Admit Card and Photo Identity Card inside the Examination Hall/Room.
   পরীক্ষার্থীকে অ্যাডমিট কার্ড এবং ফটো আইডেনটিটি কার্ড ছাড়া অন্য কোনো ছাপানো বা লেখা কাগজ, পঠন ও মুদ্রণজাত সামগ্রী, পেজার, মোবাইল ফোন, অন্য কোনোরকম ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষা হলে/কক্ষে প্রবেশ করতে দেওয়া হবে না।
6. Each candidate must show on demand his/her Admit Card and Photo Identity Card to the Invigilator/Examination Officials.
   পরীক্ষা হলে ইনভিজিলেটর কর্তৃক কিংবা পরীক্ষা কেন্দ্রের ভিতরে পরীক্ষা-সংশ্লিষ্ট আধিকারিক কর্তৃক দাবি করা হলে প্রত্যেক পরীক্ষার্থী তাঁর অ্যাডমিট কার্ড ও ফটো আইডেনটিটি কার্ড দেখাতে বাধ্য থাকবেন।
7. No candidate, without special permission of the Centre Superintendent or Invigilator, should change his/her seat.
   সেন্টার সুপারিনটেনডেন্ট বা ইনভিজিলেটর-এর বিশেষ অনুমতি ছাড়া পরীক্ষার্থী পরীক্ষা হলে তাঁর বসার স্থান পরিবর্তন করতে পারবেন না।
8. Candidates will have to sign twice in the Attendance Sheet presented by the Invigilator on duty; first after taking their seats in the Examination Hall/Room and second at the time of handing over their OMR Answer Sheet to the Invigilator.
   পরীক্ষার্থীদিগকে ইনভিজিলেটরের দেওয়া অ্যাটেন্ডেন্স শীট-এ দুইবার স্বাক্ষর করতে হবে, প্রথমবার পরীক্ষা হলে তাঁদের আসন গ্রহণের পর এবং দ্বিতীয়বার ইনভিজিলেটরের নিকট OMR উত্তরপত্র জমা দেওয়ার সময়ে।
9. The candidates should not leave the Examination Hall/Room without handing over their OMR Answer Sheet to the Invigilator on duty and without signing the Attendance Sheet twice. Cases where a candidate has not signed the Attendance Sheet a second time will be deemed not to have handed over the Answer Sheet and dealt with as an unfair means case.
   অ্যাটেন্ডেন্স শীট-এ দুইবার স্বাক্ষর করা এবং কর্তব্যরত ইনভিজিলেটর-এর নিকট উত্তরপত্র জমা দেওয়া ব্যতীত কোনো পরীক্ষার্থী পরীক্ষা হল ত্যাগ করতে পারবেন না। যদি কোনো পরীক্ষার্থী অ্যাটেন্ডেন্স শীট-এ দুইবার স্বাক্ষর না করেন তবে তিনি তাঁর OMR উত্তরপত্র জমা করেননি বলে গণ্য হবে এবং তা অনুচিত কার্য হিসাবে ধরা হবে।
10. Use of any type of calculating device is prohibited.
    যে কোনো ধরনের ক্যালকুলেটরের ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ।
11. The candidates are governed by all the rules and regulations of the Board with regard to their conduct in the Examination Hall/Room. All cases of unfair means will be dealt with as per rules and regulations of the Board.
    পরীক্ষা হল/কক্ষের মধ্যে পরীক্ষার্থীর আচরণ বোর্ডের নিয়ম ও নির্দেশিকা অনুযায়ী চালিত হবে। সব ধরনের অনুচিত কার্য বোর্ডের নিয়ম ও নির্দেশিকা অনুযায়ী নির্দিষ্ট হবে।
12. No part of the Question Booklet and OMR Answer Sheet shall be detached under any circumstances.
    কোনো অবস্থাতেই প্রশ্নপত্র এবং OMR উত্তরপত্রের কোনো অংশ ছেঁড়া বা আলাদা করা যাবে না।
13. On completion of the test, the candidate must hand over the OMR Answer Sheet to the Invigilator in the Hall/Room. The candidates are allowed to take away the Question Booklet with them.
    পরীক্ষা শেষ হওয়ার পরে পরীক্ষার্থী অবশ্যই তাঁর OMR উত্তরপত্র কর্তব্যরত ইনভিজিলেটরের কাছে জমা দেবেন। পরীক্ষার্থীরা প্রশ্নপত্রটি তাঁদের সাথে নিয়ে যেতে পারেন।